গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(সাধারণ শাখা)
www.pirojpur.gov.bd

**পিরোজপুর জেলায় যথাযোগ্য মর্যাদায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন, জেলা প্রশাসক, পিরোজপুর
স্থান : শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ
তারিখ ও সময় : ০৪/০৩/২০২১, সকাল ১২:৩০ ঘটিকা
সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট ''ক'' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং শহীদ মুক্তিযোদ্ধাদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। ২৫ মার্চ গণহত্যা দিবসের প্রেক্ষাপট তুলে ধরে সভাপতি জানান যে, ১৯৭১ সালের ২৫ মার্চ রাত বাঙালি জাতির জীবনে এক ভয়াবহ রক্তাক্ত ইতিহাসের রাত। সেই রাতে বর্বর পাকিস্তানি দখলদার সেনাবাহিনী ঘুমন্ত বাঙালির ওপর ঝাঁপিয়ে পড়ে। 'অপারেশন সার্চ লাইট' নামের সামরিক অভিযানে ইতিহাসের জঘন্যতম নারকীয় হত্যাকান্ড চালায় ২০১৭ সাল থেকে জাতীয়ভাবে ২৫ মার্চ গণহত্যা দিবস পালন করা হয়।

১৯৭১ সালের ২৫ মার্চ রাত ১২.০১ মিনিটে অর্থাৎ ২৬ মার্চের প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতির উদ্দেশ্যে সশস্ত্র সংগ্রামে ঝাঁপিয়ে পড়ার জন্য যে বাণী ও নির্দেশনা দেন তারই প্রেক্ষিতে বাঙালি জাতি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এবং বাংলাদেশ স্বাধীনতা লাভ করে। সেই থেকে প্রতি বছর ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস হিসেবে পালিত হয়ে আসছে। ঐতিহাসিক দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সভাপতি সকলের সহযোগিতা কামনা করেন। বিগত বছরের ন্যায় যথাযোগ্য মর্যাদায় ও জাঁকজমকপূর্ণভাবে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের লক্ষ্যে সকলকে মতামত প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পিরোজপুর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং পিরোজপুর জেলার প্রেক্ষাপটে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের বিষয়ে উপস্থিত সকলকে মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের বিস্তারিত আলোচনার পর জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে পিরোজপুর জেলা সদরে অন্যান্য বছরের ন্যায় ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হয় :

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে-২০২১ এর কর্মসূচি :

| তারিখ ও সময় | কর্মসূচি | ব্যবস্থাপনায়/বাস্তবায়নে |
|---|---|---|
| ২৫/০৩/২০২১<br>সকাল ১১:০০ মি. | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা<br>স্থানঃ শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয় | জেলা প্রশাসন, পিরোজপুর |
| ২৫/০৩/ ২০২১<br>বাদ যোহর | কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ মাহফিল/কোরআন তিলাওয়াত ও শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং ইমাম, কেন্দ্রীয় জামে মসজিদ, পিরোজপুর |
| ২৫/০৩/২০২১<br>সুবিধামত সময়ে | জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ/ মন্দির/গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা | সংশ্লিষ্ট মসজিদ/মন্দির/গীর্জা ও উপাসনালয় কর্তৃপক্ষ |
| ২৫/০৩/ ২০২১<br>সন্ধ্যা ৬:৩০ মি. | ২৫ মার্চের কালো রাতে নিহত শহীদদের স্মরণে মোমবাতি প্রজ্জলন<br>স্থানঃ জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর | জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর |
| ২৫/০৩/ ২০২১<br>সন্ধ্যা ৬:৪৫ মি. | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী<br>স্থানঃ জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর | জেলা তথ্য অফিস, পিরোজপুর |
| ২৫/০৩/২০২১<br>সন্ধ্যা ৭:০০ মি. | গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান<br>স্থানঃ জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর | জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর |
| ২৫/০৩/২০২১<br>রাত ৯:০০ মি. | ২৫/০৩/২১ তারিখ রাত ০৯:০০ থেকে ০৯:০১ মিনিট পর্যন্ত ১ মিনিটের জন্য অত্র জেলা সদরে প্রতীকি ব্ল্যাক-আউট (কেপিআই/জরুরী স্থাপনা/চলমান যানবাহন ব্যতীত) | নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো এবং জিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, পিরোজপুর। |

Scanned by CamScanner

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২১ এর কর্মসূচি:

| তারিখ ও সময় | কর্মসূচি | ব্যবস্থাপনায়/বাস্তবায়নে |
|---|---|---|
| ২৫/০৩/ ২০২১ সকাল ৯:৪৫ মি. | চিত্রাঙ্কন প্রতিযোগিতা (মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে)<br>ক-বিভাগ: ১ম-৩য় শ্রেণী (বিষয়- জাতীয় স্মৃতিসৌধ)<br>খ-বিভাগ: ৪র্থ-৭ম শ্রেণী (বিষয়- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস)<br>স্থানঃ জেলা শিশু একাডেমি , পিরোজপুর | জেলা শিশু একাডেমি, পিরোজপুর |
| ২৫/০৩/ ২০২১ সকাল ১০:১৫ মি. | উপস্থিত রচনা প্রতিযোগিতাঃ গ-বিভাগ ৮ম-১০ম শ্রেণী(মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে)<br>বিষয় : পিরোজপুরের মুক্তিযুদ্ধ (৩০০ শব্দ), সময়-৪৫ মিনিট<br>স্থানঃ - জেলা শিশু একাডেমি, পিরোজপুর | জেলা শিশু একাডেমি, পিরোজপুর |
| ২৬/০৩/ ২০২১ প্রত্যুষে | ৩১ বার তোপধ্বনির মাধ্যমে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভ সূচনা<br>স্থানঃ শহীদ স্মৃতিস্তম্ভ, ভাগীরথি চত্বর, পিরোজপুর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৬/০৩/ ২০২১ সকাল ৬.০০ মি. | পুষ্পার্ঘ্য অর্পণ<br>স্থানঃ শহীদ স্মৃতিস্তম্ভ, ভাগীরথী চত্বর, পিরোজপুর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৬/০৩/ ২০২১ সূর্যোদয়ের সাথে সাথে (সকাল ৬.০০ মি.) | সকল সরকারি/বেসরকারি/আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত/ ব্যক্তিমালিকানাধীন ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান ও ভবনের মালিকগণ |
| ২৬/০৩/ ২০২১ সকাল ৮:০০ মিঃ | জেলা প্রশাসক কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন।<br>পুলিশ, আনসার-ভিডিপি, স্কাউটস, গার্লস গাইড এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র- ছাত্রীদের কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শনী<br>স্থানঃ জেলা স্টেডিয়াম, পিরোজপুর | কুচকাওয়াজ উপ-কমিটি |
| ২৬/০৩/ ২০২১ সকাল ৯:০০মি. | বীর মুক্তিযোদ্ধাদের সাথে শুভেচ্ছা বিনিময়<br>স্থানঃ জেলা স্টেডিয়াম, পিরোজপুর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৬/০৩/২০২১ সকাল ১১:০০ মি. | শহীদ বীর মুক্তিযোদ্ধা পরিবার ও যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা<br>স্থানঃ শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভাকক্ষ | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৬/০৩/ ২০২১ দুপুর ১:০০ মি. | বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা<br>স্থানঃ পৌরসভার সম্মেলন কক্ষ, পিরোজপুর | পিরোজপুর পৌরসভা |
| ২৬/০৩/ ২০২১ দুপুর | জেলখানা, হাসপাতাল, এতিমখানা এবং শিশু সদনে উন্নতমানের খাবার পরিবেশন | স্ব-স্ব কর্তৃপক্ষ |
| ২৬/০৩/ ২০২১ দুপুর ৩:০০ মি. | স্বাধীনতা কাপ কাবাডি লীগ-এর চূড়ান্ত খেলা<br>স্থানঃ জেলা স্টেডিয়াম, পিরোজপুর | জেলা ক্রীড়া সংস্থা, পিরোজপুর |
| ২৬/০৩/২০২১ বিকাল ৪:০০ মি. | মহিলাদের মুক্তিযুদ্ধভিত্তিক আলোচনা সভা<br>স্থানঃ লেডিস ক্লাব, পিরোজপুর | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পিরোজপুর |
| ২৬/০৩/ ২০২১ বিকাল ৪:৩০ মি. | প্রীতি ফুটবল প্রতিযোগিতা<br>(ক) শহীদ ওমর ফারুক একাদশ বনাম শহীদ ফজলুল হক একাদশ<br>(খ) জেলা প্রশাসন একাদশ বনাম পৌরসভা একাদশ<br>স্থানঃ জেলা স্টেডিয়াম, পিরোজপুর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৬/০৩/২০২১ বাদ জুম্মা | কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ মাহফিল/কোরআন তিলাওয়াত ও শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং ইমাম, কেন্দ্রীয় জামে মসজিদ, পিরোজপুর |
| ২৬/০৩/ ২০২১ সুবিধামত সময়ে | জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ/মন্দির/গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনা | সংশ্লিষ্ট মসজিদ/মন্দির/গীর্জা ও উপাসনালয় কর্তৃপক্ষ |
| ২৬/০৩/ ২০২১ সুবিধামত সময়ে | বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং উন্মুক্ত স্থানে প্রামাণ্যচিত্র প্রদর্শনী | স্ব-স্ব সিনেমাহল কর্তৃকপক্ষ এবং জেলা তথ্য অফিস, পিরোজপুর |
| ২৬/০৩/ ২০২১ সকাল ১০.০০ হতে সন্ধ্যা ৬.০০ পর্যন্ত | পিরোজপুর ডিসি পার্ক শিশুদের জন্য প্রবেশ উন্মুক্ত | জেলা প্রশাসন,পিরোজপুর |



Scanned by CamScanner

| | | |
|---|---|---|
| ২৬/০৩/২১ সন্ধ্যা থেকে আলোকসজ্জা (কোনক্রমেই ২৫/০৩/২১ তারিখ আলোকসজ্জা করা যাবে না) | জেলা প্রশাসকের অফিস ভবন, বাসভবন, সার্কিট হাউজসহ গুরত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহ সজ্জিতকরণ ও আলোকসজ্জা | গণপূর্ত বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পৌরসভা এবং স্ব-স্ব কর্তৃপক্ষ/ভবন মালিকগণ |
| ২৬/০৩/ ২০২১ সন্ধ্যা ৬:৪৫ মি. | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান<br>বিষয়ঃ 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন'<br>স্থানঃ স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ), পিরোজপুর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৬/০৩/ ২০২১ রাত ৯:০০ মিঃ | পুরস্কার বিতরণ অনুষ্ঠান<br>স্থানঃ স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ), পিরোজপুর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ২৭/০৩/ ২০২১ বিকাল ৩:০০ মি. | মহিলাদের ক্রীড়া প্রতিযোগিতা<br>স্থানঃ জেলা স্টেডিয়াম, পিরোজপুর | জেলা মহিলা ক্রীড়া সংস্থা, পিরোজপুর |

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২১ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ যথাযথ মর্যাদায় উদযাপনের নিমিত্ত সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কমিটি ও উপ-কমিটি গঠন করা হয়।

## উদযাপন কমিটি

**উপদেষ্টামন্ডলী:**

| | |
|---|---|
| জনাব শ.ম. রেজাউল করিম,এমপি, মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | উপদেষ্টা |
| জনাব আনোয়ার হোসেন, মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর- ২ | উপদেষ্টা |
| ডাঃ রুস্তম আলী ফরাজী, মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-৩ | উপদেষ্টা |
| শেখ এ্যানী রহমান, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন, পিরোজপুর-১৯ | উপদেষ্টা |

**মূল কমিটি:**

| | |
|---|---|
| জেলা প্রশাসক | আহবায়ক |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | সদস্য |

উপ-কমিটি সমূহঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ক) ৩১ বার তোপধ্বনির মাধ্যমে বিজয় দিবসের সূচনা উপ-কমিটি | ১ | অতিরিক্ত পুলিশ সুপার, পিরোজপুর | আহবায়ক |
| | ২ | নেজারত ডেপুটি কালেক্টর, পিরোজপুর | সদস্য |
| | ৩ | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, পিরোজপুর | সদস্য |
| | ৪ | অফিসার ইন চার্জ, সদর থানা, পিরোজপুর | সদস্য |
| | ৫ | জনাব সমীর কুমার বাচ্চু, বীর মুক্তিযোদ্ধা , পিরোজপুর | সদস্য |
| | ৬ | জনাব গৌতম নারায়ণ রায় চৌধুরী, জেলা প্রতিনিধি, বাংলাদেশ সংবাদ সংস্থা ও সাবেক কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ, পিরোজপুর | সদস্য |
| | ৭ | জনাব আক্তারুজ্জামান ফুলু, যুগ্ম সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ ও সভাপতি জেলা যুবলীগ, পিরোজপুর | সদস্য |
| | ৮ | সাধারণ সম্পাদক, রাইফেলস্ ক্লাব, পিরোজপুর | সদস্য |
| | ৯ | জনাব মশিউর রহমান রাহাত, জেলা প্রতিনিধি, এসএ টিভি, পিরোজপুর | সদস্য |
| | ১০ | জনাব হাসান মামুন, জেলা প্রতিনিধি, দৈনিক আলোকিত বাংলাদেশ, পিরোজপুর | সদস্য |
| | ১১ | জেলা নাজির, পিরোজপুর | সদস্য |
| | ১২ | আর.আই.পুলিশ লাইন, পিরোজপুর | সদস্য সচিব |
| খ) পুষ্পার্ঘ্য অর্পণ উপ-কমিটি | ১ | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর | আহবায়ক |
| | ২ | মেয়র, পিরোজপুর পৌরসভা | সদস্য |
| | ৩ | এ্যাড: এম.এ হাকিম হাওলাদা, সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, পিরোজপুর | সদস্য |
| | ৪ | জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর | সদস্য |
| | ৫ | অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, পিরোজপুর | সদস্য |



Scanned by CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়,পিরোজপুর
(সাধারণ শাখা)
www.pirojpur.gov.bd

'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' -২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন<br>জেলা প্রশাসক, পিরোজপুর |
| স্থান | : শহীদ আব্দুর রাজ্জাক-সাইফ মিজান স্মৃতি সভা কক্ষ<br>জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর |
| তারিখ ও সময় | : ১৪ মার্চ ২০২১ খ্রি. দুপুর ১২:৩০ টা |

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট ''ক'' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক),সম্মানিত সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১০ মার্চ ২০২১ খ্রি. তারিখের ০৩.৪৫১২৬৯০..০২৯.০০.০১.২০২১-৩৬ নং স্মারকের গৃহীত জাতীয় কর্মসূচি পাঠ করে শোনান। সভাপতি বলেন, বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে।'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিব জন্মশতবর্ষে দেশের এ অর্জন এক বিরাট গৌরবের এবং আনন্দের ব্যাপার। জেলা পর্যায়ে 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন এবং বাস্তবায়নে সকলের সহযোগিতা ও সুচিন্তিত মতামত প্রদানের জন্য সভা আহবান করা হয়েছে। সভাপতি উপস্থিত সকলকে মতামত প্রদানের অনুরোধ জানান। বিস্তারিত আলোচনার পর জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে পিরোজপুর জেলায় যথাযথ মর্যাদায় ২ দিন ব্যাপী ''স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' -২০২১ উদযাপনের জন্য সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করা হয়।

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায়/ বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২৭/০৩/২০২১ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা | বর্ণাঢ্য র‍্যালি ও উদ্বোধন | বঙ্গবন্ধু চত্তরে হতে শুরু হয়ে র‍্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে স্বাধীনতা মঞ্চে (টাউন ক্লাব মাঠ) শেষ হবে | জেলা প্রশাসন, পিরোজপুর |
| ২৭/০৩/২০২১ খ্রি. সকাল ১০:৩০ ঘটিকা | আলোচনা সভা<br>বিষয়: 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা প্রশাসন, পিরোজপুর |
| ২৭/০৩/২০২১ খ্রি. সকাল ১১:৩০ ঘটিকা | উন্নয়ন বিষয়ক ভিডিও প্রদর্শনী | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা তথ্য অফিস পিরোজপুর |
| ২৭/০৩/২০২১ খ্রি. সকাল ১২:৩০ ঘটিকা | স্টল পরিদর্শন | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা প্রশাসন, পিরোজপুর |
| ২৭/০৩/২০২১ খ্রি. বিকাল ৫:০০ – ৭.০০ ঘটিকা পর্যন্ত | * জাতির পিতার জীবনীর উপর নির্মিত তথ্যচিত্র ও ভিডিও প্রদর্শনী (তথ্য মন্ত্রণালয়সহ অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন সময়ে প্রস্তুতকৃত।<br>* স্থানীয় বিভিন্ন উন্নয়ন তথ্য সমৃদ্ধ চিত্র/ভিডিও প্রদর্শনী | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা তথ্য অফিস স্ব-স্ব দপ্তর, পিরোজপুর |
| ২৭/০৩/২০২১ খ্রি. বিকাল ৭:০০ – রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত | সাংস্কৃতিক অনুষ্ঠান | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা শিল্পকলা একাডেমি,পিরোজপুর |
| ২৮/০৩/২০২১ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা | সেমিনার<br>বিষয়: 'রুপকল্প ২০৪১: উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ' | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা প্রশাসন, পিরোজপুর |

Scanned by CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৮/০৩/২০২১ খ্রি.<br>সকাল ১২:০০ ঘটিকা | উন্নয়ন বিষয়ক কুইজ ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা<br>ক-বিভাগ: ১ম-৫ম শ্রেণী<br>খ-বিভাগ: ৬ষ্ঠ-৭ম শ্রেণী<br>গ-বিভাগ: ৮ম-১০শ্রেণি<br>উন্মুক্ত: ১১- তরুণদের জন্য | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা প্রশাসন, পিরোজপুর |
| ২৮/০৩/২০২১ খ্রি.<br>দুপুর ০২:৩০ ঘটিকা | স্থানীয় বিভিন্ন উন্নয়নচিত্র প্রদর্শনী | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | জেলা তথ্য অফিস, পিরোজপুর |
| ২৮/০৩/২০২১ খ্রি.<br>সন্ধ্যা ৭:০০ ঘটিকা | সাংস্কৃতিক অনুষ্ঠান | স্বাধীনতা মঞ্চ (টাউন ক্লাব মাঠ) | সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি,পিরোজপুর |

'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' -২০২১ যথাযথ মর্যাদায় উদযাপনের নিমিত্ত পত্রের নির্দেশনা মোতাবেক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কমিটি গঠন করা হয়।

## উদযাপন কমিটি

উপদেষ্টামন্ডলী:

১ জনাব শ.ম. রেজাউল করিম, মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-১ ও মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২ জনাব আনোয়ার হোসেন, মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-২

৩ ডা. রুস্তম আলী ফরাজী, মাননীয় সংসদ সদস্য, পিরোজপুর-৩

৪ শেখ এ্যানী রহমান, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন, পিরোজপুর-১৯

| ক্র:নং | (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক, পিরোজপুর | সভাপতি |
| ২ | পুলিশ সুপার, পিরোজপুর | সদস্য |
| ৩ | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পিরোজপুর | সদস্য |
| ৪ | সিভিল সার্জন, পিরোজপুর | সদস্য |
| ৫ | উপপরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| ৬ | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পিরোজপুর | সদস্য |
| ৭ | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পিরোজপুর | সদস্য |
| ৮ | জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, পিরোজপুর | সদস্য |
| ৯ | জেলা মৎস্য কর্মকর্তা, পিরোজপুর | সদস্য |
| ১০ | উপপরিচালক, জেলা তথ্য অধিদপ্তর, পিরোজপুর | সদস্য |
| ১১ | উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, পিরোজপুর | সদস্য |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর | সদস্য |
| ১৩ | অধ্যক্ষ, সরকারি সোহরাওয়ার্দী কলেজ, পিরোজপুর | সদস্য |
| ১৪ | অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, পিরোজপুর | সদস্য |
| ১৫ | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পিরোজপুর | সদস্য |
| ১৬ | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, পিরোজপুর | সদস্য |
| ১৭ | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পিরোজপুর | সদস্য |
| ১৮ | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পিরোজপুর | সদস্য |
| ১৯ | জেলা সমবায় অফিসার, পিরোজপুর | সদস্য |
| ২০ | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, পিরোজপুর | সদস্য |
| ২১ | সভাপতি, পিরোজপুর প্রেস ক্লাব, পিরোজপুর | সদস্য |
| ২২ | প্রশাসক, জেলা ইউনিট, মুক্তিযোদ্ধা কমান্ডার, পিরোজপুর | সদস্য |

Scanned by CamScanner